



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৬২.২০১৮/৭৭০/২

তারিখ: ০৪/০৪/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন দাশুড়িয়া ডিগ্রি (অনার্স) কলেজের সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ সাইফুল ইসলাম এর বেতনের কর্তনকৃত অর্থ প্রদান প্রসংগে।

সূত্র: অধ্যক্ষের পত্র নং- দাক-২০২০/৭৯; তারিখ: ৩০/১১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন দাশুড়িয়া ডিগ্রি (অনার্স) কলেজের সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ সাইফুল ইসলাম এর বেতনের কর্তনকৃত অর্থ প্রদানের জন্য অধ্যক্ষ আবেদন করেন। কর্তব্য অবহেলা ও পেশাগত অসদাচরণের অভিযোগে কলেজ গভর্নিং বডির ১৯/০৫/২০১১ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ সাইফুল ইসলাম, প্রভাষককে সাময়িক বরখাস্ত করা হয়। রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায়ে কোন শিক্ষককে ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি সমুদয় বেতন ভাতা প্রাপ্য হবেন।

সাময়িক বরখাস্তের বিরুদ্ধে মোঃ সাইফুল ইসলাম সহকারী জজ আদালত ঈশ্বরদী, পাবনায় মামলা নং- ১০০/২০১৭ দায়ের করেন। এরপর তিনি ১৯/০৬/২০১৯ খ্রি. তারিখে একটি পত্রে মানবিক ও অর্থনৈতিক সমস্যার কারণে তার সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত পুনঃ বিবেচনা পূর্বক স্বপদে পুনর্বহালের আবেদন করেন। বিষয়টি ২৪/০৬/২০১৯ খ্রি. তারিখের গভর্নিং বডির সভায় আলোচনা শেষে মানবিক কারণে ও কলেজের স্বার্থে তার সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক চাকরীতে পুনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে জনাব মোঃ সাইফুল ইসলাম নিজ দায়িত্বে বিচারাধীন মামলাটি ২৭/০৬/২০১৯ খ্রি. তারিখে প্রত্যাহার করেন।

আইন শাখার মতামত: পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন দাশুড়িয়া ডিগ্রি (অনার্স) কলেজের প্রভাষক জনাব মোঃ সাইফুল ইসলামকে কলেজ কর্তৃপক্ষ সাময়িক বরখাস্ত করেন। এর বিরুদ্ধে তিনি বিজ্ঞ সহকারী জজ আদালত ঈশ্বরদী, পাবনায় দেওয়ানী মোকদ্দমা নং- ১০০/২০১৭ দায়ের করেন। উক্ত দেওয়ানী মোকদ্দমা তিনি প্রত্যাহার করার জন্য মাননীয় আদালতের নিকট আবেদন দাখিল করেন। মাননীয় আদালত প্রত্যাহারের আবেদন গ্রহণ করেছেন কিনা? বিজ্ঞ আদালতের আদেশের কপি মতামতের জন্য প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে আইন শাখার মতামত অনুযায়ী বর্ণিত দেওয়ানী মোকদ্দমা তিনি প্রত্যাহার করার জন্য মাননীয় আদালতের নিকট আবেদন দাখিল করেন। মাননীয় আদালত প্রত্যাহারের আবেদন গ্রহণ করেছেন কিনা? বিজ্ঞ আদালতের এ সংক্রান্ত আদেশের কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcaw 29.3.21  
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd



অধ্যক্ষ

দাশুড়িয়া ডিগ্রি (অনার্স) কলেজ

ঈশ্বরদী, পাবনা

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, দাশুড়িয়া ডিগ্রি (অনার্স) কলেজ, ঈশ্বরদী, পাবনা
- ২। সংরক্ষণ নথি।